কর্ণাটকে লেখক, চিন্তাবিদ সহ ১৬ জনকে পুলিশি নিরাপত্তা

বেঙ্গালুরু, ১২ সেপ্টেম্বর ঃ বিশিষ্ট সাংবাদিক গৌরী লঙ্কেশ হত্যাকাণ্ডের পর নড়েচড়ে বসেছে কর্ণাটক সরকার। লেখক, চিন্তাবিদ, সমাজকর্মীরা এবার পুলিশি নিরাপত্তা পাবেন। রাজ্যের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়ার এই নির্দেশে ইতিমধ্যে রাজ্যের বিশিষ্ট ১৬ জন ব্যক্তির তালিকা তৈরি করেছে কর্ণাটক পুলিশ। যার মধ্যে প্রাক্তন মন্ত্রী, ঐতিহাসিক থেকে শুরু করে লেখক, অধ্যাপক এবং প্রযোজক রয়েছেন। কর্ণাটক পুলিশ সূত্রের খবর, গত ৫ সেপ্টেম্বর সাংবাদিক গৌরী লঙ্কেশ খুন হওয়ার পরই সমাজের বিশিষ্ট ব্যক্তিদের পুলিশি নিরাপত্তা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সিদ্দারামাইয়ার সরকার। মূলত লেখক, কবি সহ যে সমস্ত চিন্তাবিদ কাজের মধ্য দিয়ে সমাজের খারাপ দিকগুলি তুলে ধরছেন এবং তার জন্য মৃত্যুর হুমকি পাচ্ছেন, তাঁদেরই নিরাপত্তা দেওয়ার নির্দেশ দিয়েছেন সিদ্দারামাইয়া। মুখ্যমন্ত্রীর এই নির্দেশ অনুসারে, পুলিশি নিরাপত্তা প্রয়োজন এরকম ১৬ জনের একটি তালিকা তৈরি করেছে রাজ্য গোয়েন্দা দপ্তর। শুধু তাই নয়, ১৬ জনের মধ্যে গুরুত্ব বুঝে নিরাপত্তারক্ষীরও প্রকারভেদ করে দিয়েছেন গোয়েন্দা আধিকারিকরা। অর্থাৎ কাদের বিশেষ নিরাপত্তা প্রয়োজন এবং কাদের সশস্ত্র একজন নিরাপত্তারক্ষী দিলেই চলবে, তালিকায় তারও উল্লেখ রয়েছে। এই তালিকা অনুসারে শীঘ্রই ১৬ জনকে পুলিশি নিরাপত্তা দেওয়া হবে।

সাংবাদিক গৌরী লঙ্কেশের হত্যার প্রতিবাদে বেঙ্গালুরুর সেন্ট্রাল কলেজে মিছিল। - পিটিআই

ফের পাকিস্তানের নিন্দা ডোনাল্ড ট্রাম্পের

ওয়াশিংটন, ১২ সেপ্টেম্বর ঃ ৯/১১ হামলার বার্ষিকীতে ফের নাম না করে পাকিস্তানকে আক্রমণ করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বলে দিলেন, বিশ্বের সব প্রান্তে ছড়িয়ে থাকা সন্ত্রাসের বীজগুলিকে তিনি সমূলে উচ্ছেদ করবেন। বিশ্ব বাণিজ্য কেন্দ্রে জোড়া হামলার ২৬তম বার্ষিকী উপলক্ষ্যে পেন্টাগনে একটি স্মরণসভায় বক্তব্য রাখতে গিয়ে মার্কিন প্রেসিডেন্টের গলায় ছিল হুঁশিয়ারির সুর। তিনি বলেন, 'যে জঙ্গিরা সেদিন হামলা চালিয়েছিল, মনে করেছিল ওরা আমাদের মনে ভীতির সঞ্চার করবে, আমাদের দুর্বল করবে। আমরা ভয়ে মুখ লুকিয়ে থাকব। কিন্তু ওরা খুব বোকা। তাই জানে না, সন্ত্রাসের থাবা মানুষকে ক্ষতিগ্রস্ত করে ঠিকই, কিন্তু দুর্বল বা ভীত করতে পারে না। ওই ঘটনার পর আমরা আরও শক্তিশালী হয়েছি। আমেরিকাকে ধ্বংস করা যাবে না। যারা সে চেষ্টা করবে, তারাই ধ্বংস হয়ে যাবে।' ট্রাম্প মনে করিয়ে দেন, 'পৃথিবীতে বিচরণ করার এক টুকরো জমিও যাতে জঙ্গিরা না পায়, তার ব্যবস্থা আমরা করব। যারা তাদের মদত দিচ্ছে তাদেরও হাঁড়ির হাল করে ছাড়ব।' নিজের ভাষণে ট্রাম্প কোনো দেশের নাম না করলেও তাঁর নিশানায় যে কারা, তা বুঝতে অসুবিধা হয়নি অবশিষ্ট বিশ্বের। প্রসঙ্গত, গত মাসেই পাকিস্তানের উদ্দেশে কঠোর সতর্কবার্তা শুনিয়েছিলেন ট্রাম্প। বলেছিলেন, পাকিস্তান জঙ্গিদের আস্তানা গাড়তে দিচ্ছে। তাদের আড়াল করার চেষ্টা করছে। এর ফল ভালো হবে না। ইসলামাবাদকে হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, এরকম চলতে থাকলে ইসলামাবাদকে বড়ো মূল্য দিতে হবে।

এআইএডিএমকে থেকে বহিষ্কৃত শশীকলা

চেন্নাই, ১২ সেপ্টেম্বর ঃ শুধু সাধারণ সম্পাদকের পদ থেকে নয়, এআইএডিএমকে দল থেকেই তাড়িয়ে দেওয়া হল জয়ললিতা ঘনিষ্ঠ শশীকলাকে। আম্মার মৃত্যুর পর শশীকলাকেই দলের সাধারণ সম্পাদক পদে বসানো হয়েছিল। সাধারণ সম্পাদক পদে বসেই শশীকলা তাঁর আস্থাভাজন কে পালানিস্বামীকে মুখ্যমন্ত্রী পদে বসিয়েছিলেন। তার আগে জয়ললিতার মৃত্যুর পর রাজ্যের মুখ্যমন্ত্রী পদের দায়িত্ব নিয়েছিলেন ও পনিরসেলভাম। সেই সময় তামিলনাড়ুর রাজনীতিতে মুখ্যমন্ত্রীর পদ নিয়ে নাটক চরমে উঠেছিল। তারই মধ্যে আয়বহির্ভূত সম্পত্তির জন্য সুপ্রিমকোর্টের নির্দেশে শশীকলাকে জেলে যেতে হয়েছে। এখনও তিনি জেলেই আছেন। জেল থেকে নিকট আত্মীয় টিটিভি দীনাকরণের মাধ্যমে তিনি সরকার এবং দল পরিচালনা করছিলেন। তাই নিয়ে এআইএডিএমকে-র মধ্যে ক্ষোভ দানা বাঁধছিল। সেই ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটে আজ। কে পালানিস্বামী ও পনিরসেলভামের গোষ্ঠী নিজেদের মধ্যে হাত মিলিয়ে দলের জেনারেল কাউন্সিলের বৈঠকে শশীকলাকে বহিষ্কার করার সিদ্ধান্ত নেয়।

আজ সকাল সাড়ে দশটা নাগাদ চেন্নাইতে এআইএডিএমকে-র জেনারেল কাউন্সিলের বৈঠক বসে। বৈঠকে যোগ দেন কাউন্সিলের প্রায় ৯০ শতাংশ সদস্য। উল্লেখ্য, শশীকলাপন্থী টিটিভি দীনাকরণের অনুগামীরা এই বৈঠকের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করার আর্জি জানিয়ে মাদ্রাজ হাইকোর্টে আবেদন করেছিলেন। মাদ্রাজ হাইকোর্ট সোমবার রাতেই তাঁদের আবেদন খারিজ করে দেয়। বৈঠকে যোগদানের জন্য ২১৩৬ জন জেনারেল কাউন্সিলের সদস্যকে আমন্ত্রণ জানানো হয়েছিল। এআইএডিএমকে দলের জেনারেল কাউন্সিলের সিদ্ধান্তকে সমালোচনা করে দীনাকরণ চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে বলেছেন, 'দলের দুই নেতা ইপিএস ও ওপিএস যে দাবি করছেন ৯০ শতাংশ জেনারেল কাউন্সিলের সদস্য সমর্থন আছে তাঁদের প্রতি তা মিথ্যে। তিনি বলেন, নতুন করে দলের মধ্যে নির্বাচন ডেকে ওই গোষ্ঠী জিতে দেখাক তাহলেই প্রমাণ হয়ে যাবে কাদের প্রতি দলের অধিকাংশ সদস্যের সমর্থন আছে। আমি নিশ্চিত আগামী নির্বাচনে এই সরকারকে ছুড়ে ফেলে দেবে জনগণ।

ব্রিকস ঘোষণার পর পাক জঙ্গিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া সহজ হবে

মত রাশিয়ার

নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর ঃ চিনের শিয়ামেনে সন্ত্রাসদমন সংক্রান্ত ঘোষণা এবং পাক মদতপুষ্ট জঙ্গি গোষ্ঠীগুলিকে শনাক্ত করার বিষয়টি সন্ত্রাসের বিরুদ্ধে লড়াইকে অনেকটাই এগিয়ে দেবে বলে মনে করছে রাশিয়া। রুশ কর্তাব্যক্তিদের ধারণা, ব্রিকস মঞ্চ থেকে এই ধরনের সুনির্দিষ্ট ঘোষণার পর পাক জঙ্গি সংগঠনগুলির বিরুদ্ধে আরও সক্রিয়ভাবে ব্যবস্থা নেওয়া সম্ভব হবে। রুশ কূটনীতিক সের্গেই কার্মালিটো বলেছেন, পাকিস্তানে গজিয়ে ওঠা সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে চিন যাতে বাধা হয়ে না দাঁড়ায়, সে ব্যাপারে মস্কোর নেতৃত্ব বেজিংয়ের সঙ্গে কথা বলবে।

এতদিন পাকিস্তানের মদতপুষ্ট জঙ্গিদের কথা শোনা যেত কেবল ভারতের মুখে। ভারতের পাশে দাঁড়িয়ে পাক জঙ্গিদের বিরুদ্ধে ইতিপূর্বে মুখ খুলেছে মার্কিন যুক্তরাষ্ট্রও। ইসলামাবাদকে হুঁশিয়ারি দিয়ে ওয়াশিংটন এমনও বলেছে যে সন্ত্রাসে মদত দেওয়া বন্ধ না হলে পাকিস্তানকে আর্থিক ও অন্যান্য সাহায্যের ব্যাপারেও কড়াকড়ি করা হবে। তবে বরাবরই সন্ত্রাস প্রশ্নে পাকিস্তানকে আড়াল করেছে চিন। গত বছর পর্যন্ত রাশিয়াও পাকিস্তানের ব্যাপারে দুর্বল ছিল। গোয়ার পানাজিতে আয়োজিত ব্রিকস সম্মেলনে 'পাক মদতপুষ্ট সন্ত্রাসবাদী সংগঠন'গুলির বিরুদ্ধে প্রস্তাব পাস করানোর চেষ্টা করেছিল ভারত। কিন্তু সেইসময় চিনের পাশাপাশি আপত্তি জানিয়েছিল রাশিয়াও। কিন্তু এবার ছবিটা অনেকটাই পালটে গিয়েছে। চিনের শিয়ামেনে আয়োজিত ব্রিকস সম্মেলনের যৌথ ঘোষণাপত্রে পাক জঙ্গিদের নাম ধরে ধরে কঠোর বার্তা দেওয়া হয়েছে ইসলামাবাদকে। হাক্কানি নেটওয়ার্কের মতো দক্ষিণ এশিয়ায় সক্রিয় অন্যান্য জঙ্গি সংগঠনগুলির পাশাপাশি নাম করা হয়েছে লস্কর-ই-তৈবা, জইশ-ই-মহম্মদের মতো পাক মদতপুষ্ট জঙ্গিগোষ্ঠীগুলিরও। পাকিস্তানের সবচেয়ে ঘনিষ্ঠ মিত্র চিনের মাটি থেকে এমন ঘোষণা নিঃসন্দেহে চাপ বাড়িয়েছে পাকিস্তানের। সেই প্রসঙ্গ উল্লেখ করে সের্গেই কার্মালিটো এদিন বলেন, 'জঙ্গিবাদ তথা উগ্রপন্থার বিরুদ্ধে এটা নিঃসন্দেহে একটা বড়ো অগ্রগতি। সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে অভিযান চালানো এবার খুব সহজ হয়ে যাবে। মাসুদ আজহারকে জঙ্গি ঘোষণা করার ব্যাপারে বেজিং যাতে আর আপত্তি না করে, সে বিষয়ে তাদের সঙ্গে মস্কো কথা বলতে প্রস্তুত। কথাবার্তা চালিয়ে গেলে মাসুদকে নিয়ে চিনা আপত্তি তুলে ফেলা কঠিন হবে না।' উল্লেখ্য, এর আগে বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ রাশিয়াকে অনুরোধ করেছিলেন, চিনের সঙ্গে বিশেষভাবে কথা বলতে যাতে তারা মাসুদ আজহার তথা পাক সন্ত্রাসবাদী সংগঠনগুলি সম্পর্কে নিজেদের অবস্থান বদলায়।

বালজান পুরস্কার পাচ্ছেন ভারতীয় অর্থনীতিবিদ

মিলান, ১২ সেপ্টেম্বর ঃ চলতি বছরের বালজান পুরস্কার পাচ্ছেন ভারতীয় অর্থনীতিবিদ বীণা আগরওয়াল। ইংল্যান্ডের ম্যাঞ্চেস্টার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বীণা আগরওয়াল ভারতীয় কৃষিতে মহিলাদের ভূমিকা নিয়ে গবেষণা করেছেন। এই কাজের জন্যই তাঁকে পুরস্কৃত করার সিদ্ধান্ত নিয়েছেন বালজান ফাউন্ডেশন। এছাড়া ক্যানসার গবেষণায় উল্লেখযোগ্য অবদানের জন্য দুই মার্কিন বিজ্ঞানী জেমস অ্যালিস এবং রবার্ট স্রেইবারও বালজান পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন। আগামী ১৭ নভেম্বর সুইজারল্যান্ডের বার্ন শহরে এঁদের সঙ্গে বীণা আগরওয়ালের হাতে বালজান পুরস্কারস্বরূপ ৭ লক্ষ ৯০ হাজার মার্কিন ডলার তুলে দেওয়া হবে। যদিও বালজান ফাউন্ডেশনের নিয়ম অনুযায়ী, পুরস্কার মূল্যের অর্ধেক টাকা গবেষণার কাজে খরচ করতে হবে পুরস্কার প্রাপকদের।

বৌদ্ধ-মুসলিম লাভ জেহাদে উত্তপ্ত লাদাখ

শ্রীনগর, ১২ সেপ্টেম্বর ঃ দীর্ঘদিন ধরেই ধর্মীয় দিক থেকে লাদাখে সংখ্যাগরিষ্ঠ বৌদ্ধ সম্প্রদায়। যদিও সেখানে মুসলিমদের জনসংখ্যাও নিতান্ত কম নয়। পরিসংখ্যান বলছে, লাদাখে বৌদ্ধ-মুসলিম জনসংখ্যা যথাক্রমে ৫১ ও ৪৯ শতাংশ। গত দুই দশক ধরে কাশ্মীর উপত্যকা সন্ত্রাসবাদী হামলার জেরে বারবার রক্তাক্ত হলেও লাদাখের শান্তি বিঘ্নিত হয়নি। কিন্তু দুই সম্প্রদায়ের ছেলেমেয়েদের মধ্যে বাড়তে থাকা বৈবাহিক সম্পর্কের জেরে সম্প্রতি সেখানে উত্তেজনা দেখা দিয়েছে। লাদাখ বুদ্ধিস্ট অ্যাসোসিয়েশনের (এলবিএ) অভিযোগ, বৌদ্ধ তরুণীদের আকর্ষণ করার চেষ্টা করছে মুসলিম যুবকরা। ফলে বৌদ্ধ মেয়েদের মধ্যে অন্য সম্প্রদায়ে বিয়ের ঘটনা বাড়ছে। এলবিএ-এর দাবি, বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠতা নষ্ট করতেই এই 'লাভ জেহাদ' শুরু হয়েছে। এবিষয়ে নরেন্দ্র মোদির হস্তক্ষেপ দাবি করেছে তারা। কয়েকদিনের মধ্যেই তাদের এক প্রতিনিধিদল দিল্লিতে গিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করবে বলে জানিয়েছে বৌদ্ধ সংগঠনটি। বৌদ্ধদের দাবি মানতে রাজি নয় স্থানীয় মুসলিমরা। এক বৌদ্ধ তরুণীকে বিয়ে করেছেন ৩২ বছরের মুরতাজা আগা। বিবাহের পর তাঁর স্ত্রী স্বেচ্ছায় ধর্মান্তরিত হয়েছেন বলে দাবি করেন তিনি। ২০১৬ সালে দিল্লিতে এক এনজিও-র হয়ে কাজ করার সময় তাঁদের পরিচয় হয়। সেখান থেকেই প্রেম ও পরিণয়। কিন্তু সেই ঘটনাকে কেন্দ্র করে লাদাখে উত্তেজনা দেখা দিয়েছিল। শেষ পর্যন্ত মুরতাজার স্ত্রী জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী মেহবুবা মুফতির কাছে চিঠি লিখে জানান, তিনি স্বেচ্ছায় বিয়েতে সম্মতি দিয়েছেন। স্থানীয় মুসলিমদের একাংশের বক্তব্য, শুধু বৌদ্ধ মেয়েরা যে ধর্মান্তরিত হচ্ছে তা নয়, অনেক মুসলিম মেয়েও বিয়ের পর বৌদ্ধধর্ম গ্রহণ করেছে। তাই বিষয়টিকে কোনোভাবেই এক তরফা বলা উচিত নয়।

আইএসের পতাকা ওড়ানোয় নয়জনের বিরুদ্ধে মামলা

শ্রীনগর, ১২ সেপ্টেম্বর ঃ একদিকে সন্ত্রাসবাদী গোষ্ঠীগুলির বিরুদ্ধে টানা অভিযান চালাচ্ছে সেনা-পুলিশ, অন্যদিকে হুরিয়তের মতো বিচ্ছিন্নতাবাদী সংগঠনকে বাগে আনতে তাদের অর্থের জোগান বন্ধ করতে সচেষ্ট এনআইএ ও ইডি-র মতো কেন্দ্রীয় সংস্থা। এর মাঝে শ্রীনগরের এক মসজিদে ইসলামিক স্টেটের (আইএস) পতাকা ওড়ানোর অভিযোগে ৯ তরুণের বিরুদ্ধে মামলা শুরু করতে পুলিশকে নির্দেশ দিল জম্মু-কাশ্মীর সরকার। মঙ্গলবার মেহবুবা মুফতি প্রশাসনের তরফে জানানো হয়েছে, ২০১৪ সালের ১৭ অক্টোবর প্রার্থনার পর মসজিদের বাইরে বিক্ষোভ দেখিয়েছিল একদল বিচ্ছিন্নতাবাদী। সেখানেই বেশ কয়েকজনের হাতে মধ্যপ্রাচ্যের জঙ্গি সংগঠনের পতাকা দেখা যায়। সেই ঘটনার প্রেক্ষিতে পুলিশের তরফে নাওহাট্টা থানায় ১৩ জনের বিরুদ্ধে একটি এফআইআর দায়ের করা হয়েছিল। বিক্ষোভকারীদের বিরুদ্ধে ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ১৩ নং ধারায় বেআইনি কাজকর্মের অভিযোগ আনা হয়। শেষ পর্যন্ত নয় জনের বিরুদ্ধে ঘটনায় জড়িত থাকার স্পষ্ট প্রমাণ পাওয়া গিয়েছে বলে দাবি তদন্তকারী আধিকারিকদের। অভিযুক্তদের মধ্যে একজন সাজাদ গিলকর গত বছর নিরাপত্তাবাহিনীর সঙ্গে সংঘর্ষে মারা গিয়েছে। সেনা-জঙ্গি সংঘর্ষের জেরে সোমবারও অশান্ত ছিল কাশ্মীর। এদিন কুলগামের খুদাউনি এলাকায় জঙ্গিদের লুকিয়ে থাকার খবর পেয়ে তল্লাশি শুরু করে সেনা-পুলিশ। সন্ত্রাসবাদীদের গোপন আস্তানার খবর পেয়ে সেটি ঘিরে ফেলে নিরাপত্তাবাহিনী। জঙ্গিদের আত্মসমর্পণ করতে বলা হলে তারা বাহিনীকে লক্ষ্য করে গুলি চালাতে শুরু করে। পালটা জবাব দেয় সেনা-পুলিশ। দু-পক্ষের সংঘর্ষে দুই জঙ্গির মৃত্যু হয়েছে। আত্মসমর্পণ করে একজন। আত্মসমর্পণকারী জঙ্গির নাম আরিফ আহমেদ সোফি। তবে নিরাপত্তাবাহিনীর নজর এড়িয়ে দুই জঙ্গি পালিয়ে গিয়েছে বলে কাশ্মীর পুলিশের এক আধিকারিক জানিয়েছেন। তাদের সন্ধানে এলাকায় তল্লাশি শুরু হয়েছে।

সবার জন্য হিন্দুধর্মের দরজা খোলা : ভাগবত

বিশেষ সংবাদদাতা, নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর ঃ সব ভারতবাসীই আদতে হিন্দু। হিন্দুধর্মের দরজা সবার জন্যই খোলা, বললেন মোহন ভাগবত। আরএসএস প্রধানের জন্মদিন ছিল সোমবার। তাঁর জন্মদিন পালনে হরিদ্বারের পতঞ্জলি যোগপীঠে এক অনুষ্ঠানের আয়োজন করেন বাবা রামদেব। সেখানেই ভাগবত বলেন, আমরা মানুষের ধর্ম বদল করিয়ে হিন্দু বানাই না। আমাদের বিশ্বাস, আমাদের পূর্বসূরিরা আসলে হিন্দু ছিলেন। আমরা আজ যে সম্প্রদায়, ধর্মেরই লোক হই না কেন। যেহেতু আমরা মনে করি, সকলেই আদতে হিন্দু, তাই আজও হিন্দুধর্মের দরজা সবার জন্যই উন্মুক্ত। যোগগুরু জন্মদিনের উপহার হিসেবে গদা তুলে দিয়ে তাঁকে হিন্দুধর্মের শিখা প্রজ্জ্বলিত রাখার আবেদন করেন। এদিকে, ইন্ডিয়া ফাউন্ডেশন আয়োজিত একটি অনুষ্ঠানে আরএসএস প্রধান বলেন, ইনটারনেটে কাউকে নিশানা করাকে সমর্থন করে না তাদের সংগঠন। তিনি বলেন, এই ধরনের আচরণ নীতিহীন। বিদেশি কূটনীতিকদের সঙ্গে আলাপচারিতায় ভাগবত আরও বলেন, ট্রোলিং সম্পূর্ণ নিয়ম বহির্ভূত (হিটিং বিলো দ্য বেল্ট)। আমরা ইনটারনেটে এই ধরনের আগ্রাসী মানসিকতাকে সমর্থন করি না। প্রায় ৫০টি দেশের মিশনের কূটনীতিকরা এই আলাপচারিতায় অংশ নিয়েছিলেন।

শীর্ষ আদালতে ব্লু হোয়েল মামলার শুনানি চলবে

নয়াদিল্লি, ১২ সেপ্টেম্বর ঃ ব্লু হোয়েল চ্যালেঞ্জ নিষিদ্ধ করার আবেদন জানিয়ে সুপ্রিমকোর্টের দ্বারস্থ হয়েছিলেন প্রবীণ আইনজীবী এস এস পুণাইয়া। সেই আবেদনটি গ্রহণ করেছে সর্বোচ্চ আদালত। প্রধান বিচারপতি দীপক মিশ্র ও বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় ও বিচারপতি থানউইলকরের বেঞ্চ জানিয়েছে, চলতি মাসের ১৫ তারিখ পরবর্তী শুনানি হবে। অন্যদিকে, এদিনই নীল তিমির মারণ খেলাকে নিষিদ্ধ করার দাবি সংক্রান্ত অপর এক মামলায় কেন্দ্র, পঞ্জাব ও হরিয়ানা সরকারকে নোটিশ পাঠাল পঞ্জাব ও হরিয়ানা হাইকোর্ট। পাশাপাশি নোটিশ পাঠানো হয়েছে চণ্ডীগড় প্রশাসনকেও। মামলাটির আবেদনকারী হীতেশ কল্পেশ জানান, বিভিন্ন সংবাদমাধ্যমে বারবার ব্লু হোয়েলের খবর প্রকাশিত হওয়ায় আদতে বিষয়টি বেশি করে প্রচার পাচ্ছে। প্রতিবেদনগুলিতে ব্লু হোয়েল শব্দটির উল্লেখ না করার জন্য আদালতের কাছে আবেদন জানিয়েছেন তিনি। ২০ সেপ্টেম্বর মামলাটির শুনানির দিন ধার্য হয়েছে।

আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য

৯৪৩৪৩১৭৩৯১

মেষ ঃ ব্যবসায় বাড়তি বরাত। সারাদিন কর্মব্যস্ত থাকতে হবে। নিজের শরীরের উপর নজর দিন। বিতর্ক আজ অবশ্যই এড়িয়ে চলুন। **বৃষ ঃ** সামান্য কারণে বন্ধুবিচ্ছেদ হতে পারে। কর্মক্ষেত্রে কারও দ্বারা অপমানিত হতে পারেন। বিদ্যার্থীরা ভালো ফল করবেন। গৃহে আত্মীয়সমাগমে আনন্দ। **মিথুন ঃ** যেকোনো ঘটনায় আজ শান্ত থাকা জরুরি। সংসারে আপনার সিদ্ধান্ত সবাই মেনে নিতে নাও পারে। প্রেমের সঙ্গীকে বিশ্বাস করুন। **কর্কট ঃ** দূরের কোনো বন্ধুর সহায়তায় ব্যবসায়ে অগ্রগতি। অভিনব ও সংগীতজগতের ব্যক্তিগণ নতুন সুযোগ পাবেন। চক্ষুপীড়া দুর্ভোগ তৈরি করতে পারে। প্রেমে শুভ। **সিংহ ঃ** সন্তানের চাকুরিপ্রাপ্তিতে স্বস্তি। আপনার ইচ্ছা আজ অন্যের উপর চাপিয়ে দিতে গিয়ে বিপত্তি। মায়ের স্নেহ আজ আপনাকে আনন্দে রাখবে। কর্মক্ষেত্রে পদোন্নতি। **কন্যা ঃ** কোনো উৎসবে অংশগ্রহণে আনন্দ। জনকল্যাণে মন। ঈশ্বরে বিশ্বাস ফিরবে। নতুন পরিকল্পনা ব্যবসায় উন্নতি। মূল্যবান দ্রব্য উপহার পেয়ে আনন্দ। **তুলা ঃ** দাম্পত্যে সময় দিন। অযথা ভুল বুঝবেন প্রিয়জনকে। পৈতৃক সম্পত্তি নিয়ে বিবাদ তুঙ্গে উঠতে পারে। উদরপীড়ায় সমস্যা। **বৃশ্চিক ঃ** অপ্রিয় সত্য বলে অনেকের বিরাগভাজন হবেন। ভ্রমণে বের হয়ে আর্থিক সমস্যায়। কোনো ভক্ত ব্যক্তির সান্নিধ্যে কাটিয়ে নতুন শান্তি। **ধনু ঃ** প্রতিযোগিতামূলক পরীক্ষায় ভালো আশা করতে পারেন। হৃদ্‌রোগীরা সতর্ক থাকুন। কর্মব্যস্ততায় কাটবে সারাদিন। **মকর ঃ** মূল্যবান কোনো দ্রব্য হারিয়ে যেতে পারে। কর্মক্ষেত্রে অধঃস্তন কর্মীদের সহযোগিতা প্রাপ্তি।প্রেমে সময় দিন **কুম্ভ ঃ** বহুদিনের কোনো স্বপ্নপূরণ আজ। পড়শির সঙ্গে অযথা বিবাদে জড়িয়ে পড়তে পারেন। ব্যবসা ক্ষেত্রে লগ্নি করতে পারেন। শিরঃপীড়ায় দুর্ভোগ। **মীন ঃ** কর্মক্ষেত্রের কাজে দূরে যেতে হতে পারে। উচ্চপদস্থ কর্তাব্যক্তিরা দাম্পত্যে আজ অবশ্যই সময় দিন। কোনো মূল্যবান নথিপত্র হারাতে পারে। দন্তপীড়া।

দিনপঞ্জি

গুপ্তপ্রেস ডাইরেক্টরি পঞ্জিকা মতে আজ বুধবার ২৭ ভাদ্র ইং ১৩ সেপ্টেম্বর অ ২৭ ভাদ, মুং ২১ জেলহজ্জ, ফঃ ৭আশ্বিন সম্বৎ ৮ আশ্বিন বদি। সিংহ দং ৪।৩৯।৪৪ গতে উদয় কুম্ভ ৩।২৬।১৫ বিঃ গতে অস্ত। সূর্যোদয় ঘ ৫।২৪।৩৫ সূর্যাস্ত ঘ ৫।৪০।৩৫। অষ্টমী রাত্রি ঘ ১১।২১।৩৩। রোহিণীনক্ষত্র ঘ ৮।১০।১০। তৈতিলকরণ ঘ ৯।৪৩।২৬ থেকে গরকরণ রাত্রি ঘ ৯।৩১।১ থেকে বণিজকরণ। পূর্বদিনের রাশির চন্দ্রশুদ্ধ। পূর্বদিনের নক্ষত্রের ও ঘ ৬।১২।৩০ থেকে ১।৩।৫।৭।৮।১০।১২।১৪।১৬।১৭।১৯।২১।২৩।২৫।২৬ নক্ষত্রের তারাশুদ্ধ। জন্মে বৃষরাশি বৈশ্যবর্ণ মতান্তরে শূদ্রবর্ণ নরগণ অষ্টোত্তরী রবির ও বিংশোত্তরী চন্দ্রের দশা। মৃতে--দ্বিপাদদোষ, অপরাহ্ন ঘ ৪।৬।০ থেকে দোষোনাস্তি। অগ্নিকোণে যোগিনী, রাত্রি ঘ ৯।৩১।১ থেকে নৈঋতে। কালবেলা ঘ ২।৪৯।২৬ থেকে ৪।২৪।৪৪ সেঃ মধ্যে। বারবেলা ঘ ৪।২৪।৪৪ থেকে ৬।০।২ সেঃ মধ্যে। কালরাত্রি ঘ ১১।৩৮।৫০ থেকে ১।৩।৩২ সেঃ মধ্যে। রাত্রি ঘ ৯।৩১।১ সেঃ মধ্যে পটল পরে মূলা অভক্ষ্য। যাত্রা নাস্তি নক্ষত্রদোষ তিথ্যমৃতযোগ মাত্র, অপরাহ্ন ঘ ৪।৬।০ থেকে যাত্রা শুভ উত্তরে ও দক্ষিণে নাস্তি, সন্ধ্যা ঘ ৬।০।২ থেকে অগ্নিকোণে ঈশানেও নাস্তি, রাত্রি ঘ ৯।৩১।১ থেকে পুনঃ যাত্রা নাস্তি পাপযোগদোষ। বিবিধ–অষ্টমীর একোদ্দিষ্ট ও সপিণ্ডন। মাহেন্দ্রযোগ দিবা ঘ ৭।০।৪২ সেঃ মধ্যে ও ঘ ১০।৩১।৩৫ থেকে ১২।৫২।১৫ সেঃ মধ্যে। অমৃতযোগ-রাত্রি ঘ ১২।৪৫।৩৫ থেকে ৩।২।৫৫ সেঃ মধ্যে।

রাষ্ট্র ১ কর বাজার জিএসটি

পণ্য ও পরিসেবা কর

করদাতারা নজর দিন!

রিটার্ন ফাইলিং-এর সময়সীমা শিথিল হয়েছে!

জুলাই, ২০১৭-এর জন্য রিটার্ন ফাইলিং-এর সময়সীমা সম্প্রসারিত করা হয়েছে।
নীচে জুলাই, ২০১৭-এর জন্য জিএসটি রিটার্ন ফাইলিং-এর জন্য শেষ তারিখ দেওয়া হলঃ

ফর্ম	কর মেয়াদের জন্য	শেষ তারিখ
জিএসটিআর-১	জুলাই, ২০১৭	৩রা অক্টোবর, ২০১৭ (টা.১০০ কোটির বেশি কোনো রাজ্যে/কেন্দ্রশাসিত অঞ্চলে মোট আয়যুক্ত করদাতাদের জন্য)
		১০ ই অক্টোবর, ২০১৭ (অন্য সমস্ত করদাতাদের জন্য)
জিএসটিআর-২	জুলাই, ২০১৭	৩১শে অক্টোবর, ২০১৭
জিএসটিআর-৩	জুলাই, ২০১৭	১০ই নভেম্বর, ২০১৭
জিএসটিআর-৪	জুলাই-সেপ্টেম্বর, ২০১৭	১৮ই অক্টোবর, ২০১৭ (এই ত্রৈমাসিকের জন্য ফর্ম জিএসটিআর-৪এ ফাইল করতে হবে না)
জিএসটিআর-৬	জুলাই, ২০১৭	১৩ই অক্টোবর, ২০১৭

অনুগ্রহ করে বিলম্ব শুল্ক এড়াতে উপরোক্ত তপশিলের সঙ্গে সংযুক্ত করুন!

অনুগ্রহ করে দেখুন

১ জিএসটিআর-৩বি পরবর্তী মাসের ২০তম দিবসের মধ্যে ২০১৭-এর আগস্ট থেকে ডিসেম্বর মাসের জন্য ফাইল করতে হবে।

২ এক মাসের জন্য কর দায় পরবর্তী মাসের ২০তম দিবসের মধ্যে মুক্ত করতে হবে।

৩ ২০১৭-এর আগস্ট মাসের জন্য জিএসটিআর-৩বি ফাইল করার জন্য কোনো সময় সম্প্রসারণ দেওয়া হবে না। অনুগ্রহ করে আগস্টের জন্য আপনার জিএসটিআর-৩বি ২০শে সেপ্টেম্বর, ২০১৭-এর মধ্যে ফাইল করুন।

শেষ সময়ের তাড়াহুড়ো এড়াতে সময়ের মধ্যে আপনার রিটার্ন ফাইল করুন। শেষ তারিখের জন্য অপেক্ষা করে থাকবেন না।

নজর দিন

করপ্রদান শুধুমাত্র তখনই সম্পূর্ণ হবে যখন অর্থমূল্য ইলেকট্রনিক ক্যাশ/ইলেকট্রনিক লেজার থেকে ডেবিট করা হবে। শুধু লেজারে ডিপোজিট করা যথেষ্ট নয়!

জিএসটি-একটি ভালো এবং সরল কর

কেন্দ্রীয় আবগারি ও শুল্ক বোর্ড
রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলির বাণিজ্যিক কর বিভাগ
www.cbec.gov.in, www.cbec-gst.gov.in

davp 15502/13/0212/1718